**মর্টগেজ (বন্ধক)**

## সবথেকে গুরুত্বপূর্ণ নিয়ম ও শর্তাবলী (MITC)

লোন (ঋণ) রেফারেন্স নম্বর

(লিড আইডি) ______________________________

পীরামল ফাইন্যান্স লিমিটেডের (আগে **পীরামল ক্যাপিটাল অ্যান্ড হাউজিং ফাইন্যান্স লিমিটেড নামে পরিচিত ছিলো**) রেজিস্টার্ড অফিস ইউনিট নং-601, 6-তম ফ্লোর, পীরামল আমিতী বিল্ডিং, পীরামল কর্পোরেট পার্ক, কামানি জংশন, ফায়ার স্টেশনের উল্টো দিকে, LBS মার্গ, কুরলা (পশ্চিম), মুম্বাই -400070-এ অবস্থিত। এই কোম্পানির থেকে ("ঋণগ্রহীতা")-এর দ্বারা নেওয়া লোনের (ঋণ) জন্য সবথেকে গুরুত্বপূর্ণ নিয়ম ও শর্তাবলী (MITC) নিচে উল্লেখ করা হয়েছে এবং এটিকে স্যাংশন লেটার (অনুমোদনপত্র), লোন অ্যাগ্রিমেন্ট (ঋণ চুক্তি) ও অন্যান্য লেনদেনের সাথে সম্পর্কিত ডকুমেন্ট (নথিপত্র) যেগুলি ঋণপ্রদানকারীর পক্ষে ঋণগ্রহীতার দ্বারা নিষ্পাদিত হবে (লেনদেন সংক্রান্ত ডকুমেন্ট) সেগুলিতে থাকা শর্তাবলীর সাথে একসাথে পড়তে হবে এবং বুঝতে হবে। এই MITC-তে ব্যবহার করা, কিন্তু এর মধ্যে স্পষ্টভাবে সংজ্ঞায়িত না হওয়া, বড়ো হরফে লেখা প্রতিশব্দ এবং অন্যান্য শব্দ ও অভিব্যক্তিগুলি, লোন অ্যাগ্রিমেন্টে (ঋণ চুক্তি) সেগুলির জন্য নির্ধারিত যে অর্থ দেওয়া রয়েছে সেই অর্থই বহন করবে যতক্ষণ পর্যন্ত না সেটির বিষয়বস্তু সেই অর্থটির সাথে অপ্রাসঙ্গিক বা অসঙ্গতিপূর্ণ হয়।

**1. লোনের (ঋণ) বিবরণ**

| | | | |
|---|---|---|---|
| **স্যাংশন (অনুমোদন) হওয়া লোনের মোট পরিমাণ** | **টাকা** | | |
| **সুদের হারের (ইন্টারেস্ট রেট) ধরণ** | ☐ **ফিক্সড (স্থির)** | | ☐ **ফ্লোটিং (পরিবর্তনশীল)** |
| **সুদের (ইন্টারেস্ট) বিবরণ** | | | |
| **লোনের (ঋণ) ধরণ** | **FRR** | **মার্জিন / স্প্রেড** | **এই অ্যাগ্রিমেন্টের (চুক্তি) তারিখে কার্যকরী ROI (প্রতি বছর)** |
| **হোম লোন (গৃহ ঋণ)** | | | |
| LAP | | | |
| **ইন্স্যুরেন্স লোন** | | | |
| **মর্টগেজ গ্যারান্টি ফী** | | | |
| **টপ-আপ লোন** | | | |
| ***পেনাল (শাস্তিমূলক) চার্জ** | PEMII / EMI খেলাপের ক্ষেত্রে, ঋণগ্রহীতার দ্বারা খেলাপ করার তারিখের থেকে পেমেন্ট করার আসল তারিখ পর্যন্ত বাৎসরিক 24% অর্থাৎ মাসিক 2% পেমেন্ট করতে হবে।<br>নিচে উল্লেখ করা নিয়ম ও শর্তাবলীর মধ্যে যে কোনোটি অমান্য করার ক্ষেত্রে, এই ধরণের অমান্য করার তারিখ থেকে শুরু করে সেটি যতক্ষণ পর্যন্ত না ঋণপ্রদাকারীকে সন্তুষ্ট করতে পারছে ততক্ষণ পর্যন্ত, বকেয়া টাকার পরিমাণের উপর মাসিক 2% পেমেন্ট করতে হবে।<br><br>**নিচে দেওয়া নিয়ম ও শর্তাবলী অমান্য করার জন্য পেনাল (শাস্তিমূলক) চার্জ আরোপ করা হবে:<br>অ্যাগ্রিমেন্টে (চুক্তি) দেওয়া নির্ধারিত তারিখে বা তার আগে অ্যাগ্রিমেন্টের (চুক্তি) অধীনে বকেয়া পরিমাণ বা সম্পূর্ণ EMI বা অন্য কোনো বকেয়া পরিশোধ করতে না পারলে বা পরিশোধ না করলে।<br>● অ্যাগ্রিমেন্ট (চুক্তি) বা লেনদেনের ডকুমেন্ট (নথিপত্র) অনুযায়ী, নির্দিষ্ট সময়ের মধ্যে বা বর্ধিত সময়ের মধ্যে সিকিউরিটি তৈরি না করা।<br>● লেনদেনের ডকুমেন্টে উল্লেখ করা নির্ধারিত সময়ের মধ্যে ঋণদাতার কাছে সম্পত্তির মালিকানার দলিল (প্রপার্টির টাইটেল ডিড) বা অন্য কোনো ডকুমেন্ট জমা না দেওয়া।<br>● লোন অ্যাপ্লিকেশনে (আবেদনপত্রে) ঋণগ্রহীতার দ্বারা দেওয়া যে কোনো তথ্য, অথবা ঋণদাতাকে দেওয়া আর্থিক তথ্য, এবং/অথবা আর্থিক সহায়তার জন্য ঋণদাতাকে দেওয়া অন্য কোনো ডকুমেন্ট/সার্টিফিকেট (প্রমাণপত্র)/রসিদ (রিসিপ্ট)/স্টেটমেন্ট, বিভ্রান্তিকর বা ভুল বলে প্রমাণিত হলে। | | |

<table>
<tr><td></td><td colspan="3">
<ul>
<li>যদি ঋণগ্রহীতা লোনের (ঋণ) পরিমাণ বা তার কোনো অংশ যে উদ্দেশ্যে লোন স্যাংশন করা হয়েছে সেটি ছাড়া অন্য কোনো উদ্দেশ্যে অপব্যবহার করে থাকেন অথবা ঋণ পাওয়ার উদ্দেশ্য বেআইনি হয়।</li>
<li>অ্যাগ্রিমেন্টের (চুক্তি) অধীনে দেওয়া যে কোনো পেমেন্টের নির্দেশাবলীকে অমান্য করা/ অ্যাগ্রিমেন্টের (চুক্তি) অধীনে যে কোনো পদ্ধতিতে পেমেন্ট বন্ধ করার জন্য ঋণগ্রহীতার দ্বারা দেওয়া যে কোনো নির্দেশাবলীকে লঙ্ঘন করা অথবা ঋণদাতাকে দেওয়া NACH ম্যান্ডেট উপস্থাপন না করার নির্দেশকে অমান্য করা অথবা NACH ম্যান্ডেটকে বাতিল করা।</li>
<li>পরিবর্তনের 30 দিনের মধ্যে আপডেট করা KYC ডকুমেন্ট, কর্মসংস্থানের বিবরণ জমা না দেওয়া, যার মধ্যে ঠিকানা পরিবর্তন, কর্মসংস্থানের পরিবর্তন এবং/অথবা লোনের জন্য আবেদন করার সময় জমা দেওয়া অন্যান্য তথ্য অন্তর্ভুক্ত থাকে কিন্তু এরমধ্যেই সীমাবদ্ধ থাকে না।</li>
<li>লেনদেনের ডকুমেন্টের শর্তাবলীর অধীনে ঋণদাতার দ্বারা উত্থাপন করা যে কোনো দাবির জন্য যদি ঋণগ্রহিতা বকেয়া পরিমাণের থেকে কম টাকা পেমেন্ট করেন।</li>
<li>প্রপার্টি (সম্পত্তি) নির্মাণের ক্ষেত্রে স্যাংশন হওয়া প্ল্যানের থেকে কোনোরকম বিচ্যুতি দেখা দিলে, নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন না করা হলে অথবা প্রপার্টি নির্মাণের জন্য পাওয়া কোনো অনুমোদনকে প্রত্যাহার করা হলে।</li>
<li>সিকিউরিটির ব্যবহার করার ক্ষেত্রে যদি কোনো পরিবর্তন হয় অথবা যদি সিকিউরিটি বা এর কোনো অংশ হারিয়ে যায়, নষ্ট হয়ে যায়, উপহার দেওয়া হয় বা দাম কমে যায় এবং ঋণগ্রহীতা সিকিউরিটি কভার বজায় রাখার জন্য অতিরিক্ত সিকিউরিটি না প্রদান করতে পারেন, অথবা যদি ঋণদাতার দ্বারা নির্ধারিত সিকিউরিটি বা তার যে কোনো অংশের উপর কোনো সংযুক্তি বা ডিসট্রেট আরোপ করা হয় অথবা যদি দেওয়া সিকিউরিটি ইন্টারেস্টের ধরণ অপ্রয়োগযোগ্য হয়।</li>
<li>যদি ঋণদাতার দ্বারা আগে থেকে দেওয়া লিখিত সম্মতি ছাড়াই সিকিউরিটি বা সিকিউরিটির কোনো অংশ ভাড়া দেওয়া হয়, লিভ ও লাইসেন্সে দেওয়া হয়, বিক্রি করা হয়, কোনোভাবে নিষ্পত্তি করা হয়, চার্জ করা হয়, সীমাবদ্ধ করা হয় বা অন্য কোনোভাবে বিচ্ছিন্ন করা হয়।</li>
</ul>
</td></tr>
<tr><td>ইন্টারেস্টকে (সুদ) রিসেট করার তারিখ</td><td colspan="3">ঋণদাতার দ্বারা জানানো অনুযায়ী সম্ভাব্য তারিখের থেকে আলাদা বা নতুন সুদের হার জমা করা হবে এবং সেটি পেমেন্ট করতে হবে।</td></tr>
<tr><td colspan="4">লোন (ঋণ) পরিশোধ করার বিবরণ</td></tr>
<tr><td>কত সময় পরপর EMI পরিশোধ করতে হবে</td><td colspan="2">☐ পাক্ষিক</td><td>☐ মাসিক</td></tr>
<tr><td></td><td>লোনের (ঋণ) পরিমাণ</td><td>লোনের মেয়াদ (মাসে)</td><td>(EMI / ইনস্টলমেন্টে (কিস্তি) (টাকা))</td></tr>
<tr><td>হোম লোন (গৃহ ঋণ)</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>LAP</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>ইন্স্যুরেন্স লোন</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>মর্টগেজ গ্যারান্টি ফী</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>টপ-আপ লোন</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>লোনের মোট পরিমাণ</td><td></td><td></td><td></td></tr>
<tr><td>মোরাটোরিয়াম (স্থগিতাদেশ) বা সাবসিডি (ভর্তুকি)</td><td></td><td></td><td></td></tr>
<tr><td colspan="4">ঋণগ্রহীতা বোঝেন এবং সম্মত হন যে RPLR-এ সংশোধনের ফলে EMI এবং/অথবা লোনের (ঋণ) মেয়াদ অথবা উভয় ক্ষেত্রেই পরিবর্তন হতে পারে। ঋণগ্রহীতার কাছে (i) EMI বাড়ানো বা (ii) লোনের (ঋণ) মেয়াদ বাড়ানো অথবা দুটি বিকল্পের সমন্বয়ই বেছে নেওয়ার সুযোগ থাকতে পারে।</td></tr>
<tr><td colspan="4">লোন (ঋণ) নেওয়ার উদ্দেশ্য ও চূড়ান্ত ব্যবহার</td></tr>
<tr><td>লোন (ঋণ) নেওয়ার উদ্দেশ্য ও চূড়ান্ত ব্যবহার</td><td colspan="3">উদ্দেশ্য:<br>চূড়ান্ত ব্যবহার:</td></tr>
<tr><td colspan="4">ঋণগ্রহীতা এতদ্দ্বারা ঘোষণা, প্রতিনিধিত্ব, সমর্থন, নিশ্চিত ও অঙ্গীকার করেন যে:<br>1. লোনটি (ঋণ) শুধুমাত্র এখানে উল্লিখিত উদ্দেশ্যেই ব্যবহার করা হবে এবং লোনের মেয়াদ চলাকালীন লোন ব্যবহার করার উদ্দেশ্যকে কোনোভাবেই পরিবর্তন করা যাবে না অথবা ঋণদাতার দ্বারা আগে থেকে দেওয়া লিখিত অনুমতি অনুযায়ী চূড়ান্ত ব্যবহারের ক্ষেত্রে এই ধরণের পরিবর্তন করা যাবে। লোনকে (ঋণ) কোনোরকম বেআইনি, অসামাজিক, ধার দেওয়া, কোনোরকম ফাটকামূলক কার্যকলাপ, রিয়েল এস্টেটে ফাটকামূলক বিনিয়োগ, অনওয়ার্ড লেন্ডিং বা সিকিউরিটিজে বিনিয়োগ, ডিবেঞ্চার বা স্টক মার্কেটে বিনিয়োগ করার জন্য ব্যবহার করা যাবে না।</td></tr>
</table>

| | |
|---|---|
| 2. | উপরে দেওয়া অঙ্গীকার বা প্রতিশ্রুতিকে যদি কোনোরকমভাবে লঙ্ঘন করা হয় তাহলে সেটিকে লোন অ্যাগ্রিমেন্টের (ঋণ চুক্তি) নিয়ম ও শর্তাবলীকে লঙ্ঘন করা হয়েছে বলে গণ্য করা হবে এবং ঋণদাতা তার বিবেচনার ভিত্তিতে আমার/আমাদের বিরুদ্ধে লোনের বাকি অংশ আটকে রাখার/লোন (ঋণ) প্রত্যাহার করার মতো ব্যবস্থা নিতে পারবে। |

| | |
|---|---|
| **লোনের (ঋণ) জন্য সিকিউরিটি/ জামানত (কোল্যাটেরাল)** | |
| **লোনের (ঋণ) জন্য সিকিউরিটি/ জামানত (কোল্যাটেরাল)** | লোনের (ঋণ) জন্য সিকিউরিটি সাধারণত ফাইন্যান্স করা প্রপার্টির (সম্পত্তি) উপর সিকিউরিটি ইন্টারেস্ট এবং/অথবা ঋণদাতার দ্বারা প্রয়োজনীয় অন্য কোনো কোল্যাটেরাল (জামানত)/ইন্টারিম (অন্তর্বর্তীকালীন) সিকিউরিটি হবে। |
| (a) **প্রপার্টির (সম্পত্তি) বিবরণ** | |
| (b) **গ্যারান্টি: গ্যারান্টার/গ্যারান্টারদের নাম (যদি থাকে)** | |
| (c) **অতিরিক্ত সিকিউরিটি (যদি থাকে)** | |

**5. ঋণগ্রহীতার স্বাক্ষর**

**সুদের হারের (ইন্টারেস্ট রেট) পরিবর্তন সম্পর্কে জানানোর জন্য যোগাযোগ করার পদ্ধতি: ঋণদাতা ঋণগ্রহীতাকে আগে থেকে লিখিত নোটিশ দিয়ে সুদের হারে (ইন্টারেস্ট রেট) যে কোনো পরিবর্তন করতে পারে। প্রযোজ্য সংশোধিত RPLR-এর ব্যাপারে সময়ে সময়ে ঋণদাতার ওয়েবসাইট www.piramalfinance.com-এ আপডেট করা হবে অথবা তার অফিসে প্রদর্শন করা হবে/ই-মেইল পাঠানো হবে/ঠিকানায় চিঠি পাঠানো হবে এবং/অথবা সাধারণভাবে জানানো হবে।**
**এই ধরণের পরিবর্তিত সুদের হার (ইন্টারেস্ট রেট) ঋণদাতার দ্বারা জানানো/ঋণদাতার ওয়েবসাইটে আপডেট করার সম্ভাব্য তারিখের থেকে ধার্য করা হবে এবং এই পরিমাণ সুদ পেমেন্ট করতে হবে ও এটি ঋণগ্রহীতার জন্য বাধ্যতামূলক হবে।**

## 2. ফী ও অন্যান্য চার্জের সিডিউল (তফসিল)

আবেদন (অ্যাপ্লিকেশন) করার সময়/লোনের মেয়াদ চলাকালীন প্রযোজ্য ফী এবং অন্যান্য চার্জ নিচে দেওয়া হলো। ঋণদাতার অভ্যন্তরীণ পলিসি (নীতি) অনুযায়ী সময়ে সময়ে এগুলি পরিবর্তন হতে পারে এবং এই ধরণের যে কোনো পরিবর্তনের ক্ষেত্রে ঋণদাতা তার ওয়েবসাইটে বা শাখায় বা ঋণদাতার বিবেচনা অনুযায়ী অন্য যে কোনো ঘোষণার মাধ্যমে ঋণগ্রহিতাদেরকে জানাবে।

| ক্রমিক সংখ্যা | A. ফী ও অন্যান্য চার্জের সিডিউল (তফসিল) | |
|---|---|---|
| 1 | লোনের প্রসেসিং (ঋণের প্রক্রিয়াকরণ) ফী | লোনের পরিমাণের 5% পর্যন্ত + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 2 | আংশিক পেমেন্ট/প্রি-ক্লোজার চার্জ | • ফিক্সড রেট HL: যে লোনটা প্রিপেইড করা হয়েছে তার মূলধনের 2% + প্রযোজ্য ট্যাক্স (কর)<br>ব্যবসার উদ্দেশ্যে NHL (ইন্ডিভিজুয়াল): যে লোনটা প্রিপেইড করা হয়েছে তার মূলধনের 4% + প্রযোজ্য ট্যাক্স (কর)<br>• নন- ইন্ডিভিজুয়ালের দ্বারা NHL: যে লোনটা প্রিপেইড করা হয়েছে তার মূলধনের 4% + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 3 | CERSAI চার্জ | যেটি আসল হবে + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 4 | লোনের প্রি-ক্লোজার স্টেটমেন্ট | 1000/- টাকা + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 5 | ঋণদাতার কাছে জমা দেওয়া ডকুমেন্টের (নথিপত্র) তালিকা | 1000/- টাকা + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 6 | লোন (ঋণ) পরিশোধ করার সিডিউল (তফসিল) (শুধুমাত্র প্রিন্ট করা কপির জন্য প্রযোজ্য) | 500/- টাকা + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 7 | লোন পরিশোধ করার মাধ্যমকে পরিবর্তন করা | 1000/- টাকা + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 8 | চেক হস্তান্তর করার পরে চেক বাতিল (ক্যান্সেল) করা | 5000/- টাকা + যে পরিমাণ সুদ (ইন্টারেস্ট) জমা হয়েছে ও বকেয়া আছে + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 9 | ডুপ্লিকেট নো ডিউ সার্টিফিকেট/NOC ইস্যু করার চার্জ | 500/- টাকা + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 10 | অ্যাকাউন্টের স্টেটমেন্ট (শুধুমাত্র প্রিন্ট করা কপির জন্য প্রযোজ্য) | 500/- টাকা + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 11 | ডকুমেন্টের ফটোকপি | 750/- টাকা + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 12 | সুদের হারকে (রেট অফ ইন্টারেস্ট) পরিবর্তন করার চার্জ (সময়ে সময়ে যেমনটি প্রযোজ্য হবে সেই অনুযায়ী ফিক্সড থেকে ফিক্সড অথবা ফ্লোটিং থেকে ফ্লোটিং বা ফিক্সড থেকে ফ্লোটিং অথবা ফ্লোটিং থেকে ফিক্সড) | বকেয়া মূলধনের 1% পর্যন্ত + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 13 | প্রপার্টির (সম্পত্তি) আসল ডকুমেন্ট ফেরত পাওয়া | 1000/- টাকা + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 14 | অ্যাডমিন চার্জ | 5000/- টাকা + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 15 | স্ট্যাম্প ডিউটি/ফ্র্যাংকিং চার্জ | যেটি আসল হবে + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 16 | স্ট্যাটুটরি চার্জ | যেটি আসল হবে + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 17 | EMI-এর তারিখ পরিবর্তন | 1000 টাকা + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 18 | ডকুমেন্টেশন চার্জ | 1000/- টাকা পর্যন্ত + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 19 | প্রতি মাসে কাস্টডিয়াল চার্জ (যদি ডকুমেন্ট 30 দিনের মধ্যে সংগ্রহ না করা হয়) | 500/- টাকা + প্রযোজ্য ট্যাক্স (কর) |

| ক্রমিক সংখ্যা | B. সংগ্রহ করা এবং লিগাল (আইনি) চার্জ | |
|---|---|---|
| 1 | লোন রিপেমেন্ট ইনস্ট্রুমেন্ট ডিসঅনার চার্জেস | প্রতিটি ঘটনার জন্য 750/- টাকা |
| 2 | লিগাল (আইনি) চার্জ | যেটি আসল হবে + প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 3 | রিপজেশন চার্জ | ন্যূনতম 25000/- টাকা অথবা যেটি আসল হবে + প্রযোজ্য ট্যাক্স (কর), যেটি বেশি হবে |
| 4 | ক্যাশ (নগদ)/ বকেয়া EMI/ PEMII সংগ্রহ করার চার্জ | 500/- টাকা + প্রতিটি ঘটনার জন্য প্রযোজ্য ট্যাক্স (কর) |
| 5 | EMI / PEMI সংগ্রহ করার চার্জ শুধুমাত্র NPDC-এর ক্ষেত্রে | 500/- টাকা + প্রতিটি ঘটনার জন্য প্রযোজ্য ট্যাক্স (কর) (বিতরণ করার তারিখের থেকে প্রথম 3 মাস বাদ দিয়ে) |
| 6 | রিপজেস করা প্রপার্টির (সম্পত্তি) জন্য মেইন্টেনেন্স চার্জ | যেটি আসল হবে + প্রযোজ্য ট্যাক্স (কর) |

**মনে রাখবেন**:

1. উপরে উল্লেখ করা ফী এবং/অথবা পরিবর্তনের উপর প্রযোজ্য ট্যাক্স (কর) ঋণগ্রহীতাকে পরিশোধ করতে হবে।
2. লোন/লোনের অ্যাপ্লিকেশনের (আবেদন) উপর অন্য যে কোনো সরকারি লেভি (শুল্ক), চার্জ, ট্যাক্স (কর) ইত্যাদি, যেরকম প্রযোজ্য হবে সেই অনুযায়ী ঋণগ্রহীতাকে পরিশোধ করতে হবে।
3. লোন যদি স্যাংশন (মঞ্জুর)/ বিতরণ না করা হয় তাহলে ফী রিফান্ড (ফেরত) করা হয়:
4. ঋণগ্রহীতা(দের) দ্বারা দেওয়া প্রসেসিং (প্রক্রিয়াকরণ) ফী, যদি থাকে, সেটি রিফান্ড (ফেরত) করা হবে, তবে ঋণদাতা উপরের সারণীতে নির্দেশ করা ন্যূনতম রিটেনশন (ধারণ) পরিমাণ নিজেদের কাছে রেখে বাকি পরিমাণ ফেরত দেবে।
5. ঋণগ্রহীতাকে অবশ্যই সময়ে সময়ে ওয়েবসাইটে আপডেট করা ফী ও চার্জ সম্পর্কে নিজেকে অবগত রাখার চেষ্টা করতে হবে।
   "মর্টগেজ গ্যারান্টি ফী" হলো মর্টগেজের গ্যারান্টির জন্য চার্জ করা প্রিমিয়ামের পরিমাণ।

## 3. ইন্স্যুরেন্স (বীমা)

প্রপার্টির (সম্পত্তি) ইন্স্যুরেন্স (বীমা): ঋণগ্রহীতা নিশ্চিত করবেন যে ঋণের মেয়াদ চলাকালীন প্রপার্টিটি (সম্পত্তি) যেন সবসময় ভূমিকম্প, আগুন, বন্যা, বিস্ফোরণ, ঝড়, অতি প্রবল ঝড়, ঘূর্ণিঝড়, দাঙ্গা ইত্যাদির মতো সমস্ত ঝুঁকির থেকে যথাযথভাবে ও উপযুক্তভাবে বীমাকৃত থাকে এবং পলিসিটির(নীতি)/পলিসিগুলির অধীনে ঋণদাতাকেই একমাত্র সুবিধাভোগী করা হবে। ঋণগ্রহীতার ইন্স্যুরেন্স (বীমা): ঋণগ্রহীতা পলিসি/পলিসিগুলির অধীনে একমাত্র সুবিধাভোগী হিসেবে নিজের এবং ঋণদাতার জন্য স্বাস্থ্য (হেল্থ) এবং/অথবা জীবন বীমা (লাইফ ইন্স্যুরেন্স) কভার নিতে পারেন।

## 4. লোন (ঋণ) বিতরণ করার শর্তাবলী:

ঋণগ্রহীতাকে:

1. স্যাংশন লেটার (অনুমোদন পত্র)/লেনদেনের ডকুমেন্টে উল্লিখিত সমস্ত প্রাসঙ্গিক ডকুমেন্ট (নথিপত্র) জমা দিতে হবে।
2. তাঁর কর্মসংস্থান/যোগাযোগ করার তথ্যে যে কোনোরকম পরিবর্তনের ব্যাপারে ঋণদাতাকে জানাতে হবে।
3. ঋণ বিতরণ করার জন্য লিখিতভাবে অনুরোধ (ঋণদাতার দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুযায়ী) জানাতে হবে। এই ধরণের অনুরোধ হাতে হাতে, মেইলের মাধ্যমে অথবা ঋণদাতার ওয়েবসাইট www.piramalfinance.com অথবা ঋণদাতার দ্বারা সময়ে সময়ে ঘোষণা করা অন্য কোনো আকারে/পদ্ধতির মাধ্যমে যথাযথভাবে করা হয়েছে বলে গণ্য করা হবে।
4. লেনদেনের ডকুমেন্টে উল্লেখ করা লোন (ঋণ) বিতরণের জন্য সমস্ত পূর্বশর্তগুলি মেনে চলতে হবে।
5. নিশ্চিত করতে হবে যে, প্রপার্টিটির (সম্পত্তি) (সিকিউরিটি) ক্ষেত্রে তাঁর যেন চূড়ান্ত, সুস্পষ্ট ও বিপণনযোগ্য মালিকানা থাকে এবং উল্লেখিত প্রপার্টিটি (সম্পত্তি) চূড়ান্তভাবে মর্টগেজহীন ও যে কোনোরকম দায় থেকে মুক্ত থাকে।
6. নিশ্চিত করতে হবে যে এমন কোনো অস্বাভাবিক বা অন্য কোনো পরিস্থিতি তৈরি হয়নি যা ঋণগ্রহীতার পক্ষে বর্তমান লোনের (ঋণ) জন্য লোন অ্যাগ্রিমেন্টের (ঋণ চুক্তি) অধীনে তাঁর বাধ্যবাধকতা বা দায়বদ্ধতাগুলিকে পূরণ করা অসম্ভব করে তুলবে।
7. ঋণগ্রহীতার দ্বারা সম্পাদিত হয়েছে/সম্পাদিত হবে এমন লোন অ্যাগ্রিমেন্টের (ঋণ চুক্তি) ক্ষেত্রে কোনো খেলাপের ঘটনা ঘটেনি সেটি নিশ্চিত করতে হবে।

**হোম লোনের (গৃহ ঋণ) ক্ষেত্রে নিচে দেওয়া শর্তাবলীগুলি প্রযোজ্য হবে:**

1. স্যাংশন লেটারে (অনুমোদন পত্র) যেমনটি উল্লেখ করা আছে সেই অনুযায়ী, নিজস্ব অবদানের পরিমাণ (ফ্ল্যাটের মোট খরচের থেকে লোনের পরিমাণ বাদ দিয়ে যে পরিমাণ অবশিষ্ট থাকবে সেটি) পরিশোধ করুন।
2. নিয়ন্ত্রক/উন্নয়ন কর্তৃপক্ষের দ্বারা প্রয়োজনীয় সমস্ত ইউজার (ব্যবহারকারী), কনভার্সান/ডেভেলপমেন্ট (উন্নয়ন) চার্জ এবং ট্যাক্স (কর) ঋণগ্রহীতার দ্বারা সময়ে সময়ে পরিশোধ করা হচ্ছে কিনা সেটি নিশ্চিত করুন এবং ঋণদাতার কাছে রসিদ আকারে এর প্রমাণ জমা দিন।
3. ঋণদাতাকে নিয়মিতভাবে তথ্য প্রদান করুন, যার মধ্যে নির্মাণের অগ্রগতি/দেরি হওয়া, প্রপার্টির (সম্পত্তি) কোনো বড় ক্ষতি, ট্যাক্স (কর) পরিশোধ না করা এবং প্রপার্টির (সম্পত্তি) সাথে সম্পর্কিত সময়ে সময়ে প্রযোজ্য স্ট্যাটুটরি (বিধিবদ্ধ) শুল্ক ও চার্জ ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।
4. এটি নিশ্চিত করুন যে (স্থাপত্যের সার্টিফিকেট এবং এফিডেভিট (হলফনামা) জমা দিয়ে) নির্মাণ কাজটি অনুমোদিত/স্যাংশন করা প্ল্যান অনুযায়ী সম্পন্ন হয়েছে এবং তিনি নিজে সন্তুষ্ট হয়েছেন যে প্রোজেক্টের (প্রকল্প) জন্য প্রয়োজনীয় সমস্ত অনুমোদন ডেভেলপার (রিসেল প্রপার্টি কেনার ক্ষেত্রে বিক্রেতা) পেয়েছেন।
5. সংশ্লিষ্ট নিয়ন্ত্রক/উন্নয়ন কর্তৃপক্ষের দ্বারা জারি করা শেষ হওয়ার সার্টিফিকেট জমা দেওয়ার ব্যাপারে নিশ্চিত করুন। অনুমোদিত প্ল্যান অনুযায়ী নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে সেটির আর্কিটেকচার (স্থাপত্য) সার্টিফিকেট।
6. আগে যদি কোনো লোনের (ঋণ) পরিমাণ বিতরণ করা হয়ে থাকে তাহলে সেই টাকা ব্যবহার করার বিষয়ে ঋণদাতাকে সন্তুষ্ট করুন এবং এই ক্ষেত্রে ঋণদাতাকে পর্যাপ্ত প্রমাণ দিন।

**5. বকেয়া আদায় করার জন্য যে পদ্ধতি মেনে চলতে হবে তার একটি সংক্ষিপ্ত নির্দেশক দেওয়া হলো:**

লোন অ্যাগ্রিমেন্টে (ঋণ চুক্তি) যেমনটি উল্লেখ করা রয়েছে সেই অনুযায়ী খেলাপের যে কোনো ঘটনা ঘটলে, ঋণগ্রহীতার মালিকানাধীন সমস্ত বকেয়া টাকার পরিমাণ ঋণদাতার কাছে অবিলম্বে পেমেন্ট করতে হবে এবং ঋণদাতা লোন অ্যাগ্রিমেন্টের (ঋণ চুক্তি) অধীনে তার অধিকার প্রয়োগ করার জন্য প্রয়োজনীয় প্রক্রিয়াগত ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে, যার মধ্যে রয়েছে (কিন্তু এরমধ্যেই সীমাবদ্ধ নয়) আইনের অধীনে উপলব্ধ প্রতিকার অনুযায়ী সিকিউরিটি প্রয়োগ করে খেলাপ করার জন্য সুদ আদায় করা, মেয়াদোত্তীর্ণ বকেয়া আদায় করা। প্রতিটি লেনদেনের পরিস্থিতির উপর নির্ভর করে ঋণদাতা আসল রিকভারী পদ্ধতি নির্ধারণ করবে। সমস্ত রিকভারী সংক্রান্ত খরচ/চার্জ ঋণগ্রহীতাকে পেমেন্ট করতে হবে।

**6. বার্ষিক বকেয়া ব্যালেন্স স্টেটমেন্ট যে তারিখে জারি (ইস্যু) করা হবে: 30 জুন বা তার আগে।**

**7. কাস্টমর সার্ভিস (গ্রাহক পরিষেবা)**:

1. কাস্টমর সার্ভিসের (গ্রাহক পরিষেবা) সাথে সম্পর্কিত প্রশ্ন, যার মধ্যে ডকুমেন্টের (নথিপত্র) প্রয়োজনীয়তা অন্তর্ভুক্ত রয়েছে, সেগুলির বিষয়ে আমাদের ওয়েবসাইটে: www.piramalfinance.com উল্লেখ করা টোল ফ্রী নম্বরের মাধ্যমে ঋণদাতার সাথে যোগাযোগ করা যেতে পারে অথবা customercare@piramal.com.-এ আমাদেরকে ইমেইলও করতে পারেন।
2. ঋণদাতার সমস্ত শাখার ক্ষেত্রে শাখার অবস্থান এবং কাস্টমর সার্ভিসের (গ্রাহক পরিষেবা) জন্য কোন সময় শাখায় আসতে হবে (ভিজিটিং আওয়ার) সেই বিষয়ে বিস্তারিত তথ্য www.piramalfinance.com.-এ পাওয়া যাবে।
3. নিচে উল্লেখ করা বিষয়গুলির জন্য আপনার নিকটতম শাখায় অথবা উপরে (a) পয়েন্টে উল্লিখিত যে কোনো পরিষেবা চ্যানেলের মাধ্যমে ঋণদাতার কাস্টমর সার্ভিস (গ্রাহক পরিষেবা) অফিসারের সাথে কাজের সময়ের মধ্যে যোগাযোগ করুন:
4. ডকুমেন্টের (নথিপত্র) ফটোকপি, যা অনুরোধ জমা দেওয়ার তারিখের থেকে 15টি কাজের দিনের মধ্যে দেওয়া যেতে পারে। প্রয়োজনীয় প্রশাসনিক (অ্যাডমিনিস্ট্রেটিভ) ফী প্রযোজ্য হবে।
5. লোন বন্ধ হওয়ার তারিখের থেকে 30 দিনের মধ্যে আসল ডকুমেন্ট (নথিপত্র) ফেরত দেওয়া হবে। ডকুমেন্ট (নথিপত্র) ফেরত দেওয়ার নির্ধারিত তারিখের পরে ডকুমেন্ট (নথিপত্র) সংগ্রহ করা হলে প্রয়োজনীয় প্রশাসনিক (অ্যাডমিনিস্ট্রেটিভ) ফী প্রযোজ্য হবে।
6. লোন অ্যাকাউন্ট স্টেটমেন্ট, যা অনুরোধ পাওয়ার 4টি কাজের দিনের মধ্যে দেওয়া হতে পারে।

**8. গ্রিভান্স রিড্রেসাল (অভিযোগের সমাধান)**:

এমন কিছু ঘটনা ঘটতে পারে যেখানে ঋণগ্রহীতা দেওয়া পরিষেবাগুলিতে সন্তুষ্ট নাও হতে পারেন। এই ধরণের ঘটনাকে তুলে ধরতে এবং অভিযোগ নথিভুক্ত (রেজিস্টার) করতে ঋণগ্রহীতা নিচে দেওয়া প্রক্রিয়া মেনে চলতে পারেন:

1. ঋণগ্রহীতা তাঁর অভিযোগ www.piramalfinance.com-এ উল্লিখিত টোল ফ্রী নম্বরের মাধ্যমে অথবা customercare@piramal.com-এ ইমেইল করে অথবা ওয়েবসাইটে উল্লিখিত কাজের সময়ের মধ্যে সংশ্লিষ্ট লেনদেনের শাখার (ব্রাঞ্চ) ব্রাঞ্চ অপারেশন ম্যানেজারের সাথে যোগাযোগ করে জানাতে পারেন।
2. যদি ঋণগ্রহীতা দেওয়া সমাধানে সন্তুষ্ট না হন, অথবা তাঁর প্রশ্ন/সমস্যা 15 দিনের মধ্যে সমাধান না হয়, তাহলে ঋণগ্রহীতা আমাদের কাছে grievances@piramal.com-এ লিখে বিষয়টিকে পরবর্তী পর্যায় এগিয়ে নিয়ে পারেন।
3. যদি ঋণগ্রহীতা দ্বিতীয় স্তরে (লেভেল 2) দেওয়া সমাধানে সন্তুষ্ট না হন অথবা তাঁর প্রশ্ন/সমস্যার 15 দিনের মধ্যে সমাধান না করা হয়, তাহলে ঋণগ্রহীতা নিচে দেওয়া ঠিকানায় বিষয়টি জানাতে পারেন:

   "দ্য নোডাল অফিসার - "হেতাল পরিহার", পীরামল ফাইন্যান্স লিমিটেড *(*আগে পীরামল ক্যাপিটাল অ্যান্ড হাউজিং ফাইন্যান্স লিমিটেড নামে পরিচিত ছিলো*)*, ইউনিট নং - 601, পীরামল ক্যাপিটাল ও হাউজিং ফাইন্যান্স লিমিটেড ইউনিট নং-601, 6-তম ফ্লোর, আমিতী বিল্ডিং, পীৰামল কর্পোরেট পার্ক, কামানি জংশন, ফায়ার স্টেশনের উল্টো দিকে, LBS মার্গ, কুরলা (পশ্চিম), মুম্বাই - 400 070।

   যোগাযোগের বিবরণ: 022-71740555 ইমেইল: nodal.officer@piramal.com.

4. যদি উপরোক্ত ক্ষেত্রগুলি থেকে 30 দিনের মধ্যে গ্রাহকের সন্তুষ্টি অনুযায়ী অভিযোগের সমাধান না করা হয়, তাহলে ঋণগ্রহীতা https://cms.rbi.org.in লিঙ্কে অনলাইনে অভিযোগ দায়ের করে RBI CMS পোর্টালে যোগাযোগ করতে পারেন অথবা নিচে দেওয়া ঠিকানায় লিখে পাঠাতে পারেন: সেন্ট্রালাইজড রিসিপ্ট অ্যান্ড প্রসেসিং সেন্টার, রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া, 4-তম ফ্লোর, সেক্টর 17, চণ্ডীগড় – 160017, টোল ফ্রী নং 14448।

**9. ট্যাক্স (কর) দেওয়ার সময় দায়বদ্ধতা**:

ঋণগ্রহীতার দ্বারা করা সমস্ত পেমেন্ট অথবা বকেয়া টাকার পরিমাণ বা যে পরিমাণ টাকা পেমেন্ট করতে হবে সেগুলি প্রযোজ্য ট্যাক্সের (কর) উপর ভিত্তি করে হবে। এই ধারার (ক্লজ) উদ্দেশ্যে, 'প্রযোজ্য ট্যাক্স (কর)' বলতে বোঝায়, যে কোনো এবং সমস্ত বর্তমান বা ভবিষ্যতের কর, শুল্ক, আদায়, ডিউটি, স্ট্যাম্প ডিউটি, চার্জ, ফী, ট্যাক্স (কর) টাকা কেটে নেওয়া, অথবা সুদ বা জরিমানা বা সারচার্জ, সেস বা উপরে উল্লিখিত যে কোনো বিষয়ের জন্য জরিমানা, যেখানেই কোনো সরকারী কর্তৃপক্ষের দ্বারা আরোপ, ধার্য, সংগ্রহ, আটকে রাখা বা মূল্যায়ন করা হোক না কেন (কোনো রকম সীমাবদ্ধতা ছাড়াই, উৎসে ট্যাক্স (কর)/ট্যাক্স (কর) কেটে নেওয়ার বাধ্যবাধকতা সহ), যে কোনো লেনদেন, লেনদেনের ডকুমেন্ট (নথিপত্র), ফাইন্যান্সিং (অর্থায়ন) বা বর্ধিত সুবিধা, সম্পত্তি অধিগ্রহণ বা সরবাহ, যে কোনো লেনদেন বা তার যে কোনো অংশের জন্য পেমেন্ট করা টাকার পরিমাণ বা পারিশ্রমিক, অথবা অন্যথায়, যা প্রযোজ্য আইন অনুযায়ী হবে, এবং এতে ট্যাক্স (কর) সুবিধার ক্ষতি, টাকা কেটে নেওয়া, ঋণ বা সেট-অফ অন্তর্ভুক্ত থাকবে; এতদ্বারা সম্মত হওয়া হচ্ছে যে লোনের (ঋণ) বিস্তারিত নিয়ম ও শর্তাবলীর জন্য, পক্ষগুলি এখানে লোন (ঋণ) এবং তাদের দ্বারা সম্পাদিত অন্যান্য সিকিউরিটি ডকুমেন্টগুলির ব্যাপারে উল্লেখ করবে এবং সেগুলির উপর নির্ভর করবে।

উপরোক্ত নিয়ম ও শর্তাবলীগুলি ঋণগ্রহীতা শ্রী/শ্রীমতি ______________________________ পড়েছেন / তাঁকে পড়ে শোনানো হয়েছে।

______________________________

ঋণগ্রহীতার স্বাক্ষর বা বুড়ো আঙ্গুলের (বৃদ্ধাঙ্গুলি) ছাপ

---

(ঋণদাতার পক্ষ থেকে অনুমোদিত ব্যক্তির স্বাক্ষর)

# ব্যক্তিগত ঋণ

## সূচি / সবচেয়ে গুরুত্বপূর্ণ শর্তাবলি (MITC)

| | | | | |
|---|---|---|---|---|
| 1. | চুক্তি সম্পাদনের স্থান | দিল্লি (যেখানে লেন্ডার চুক্তিতে স্বাক্ষর করেছেন, সেটিকেই চুক্তি সম্পাদনের স্থান হিসেবে ধরা হবে) | | |
| 2. | চুক্তি সম্পাদনের তারিখ | | | |
| 3. | লেন্ডারের নাম | পীরামল ফাইন্যান্স লিমিটেড (পূর্বে পিরামল ক্যাপিটাল অ্যান্ড হাউজিং ফাইন্যান্স লিমিটেড নামে পরিচিত) রেজিস্টার্ড অফিসের ঠিকানা: ইউনিট নং-601, 6ষ্ঠ তলা, অমিতি বিল্ডিং, পীৰামল কর্পোরেট পার্ক, কামানি জংশন, ফায়ার স্টেশনের বিপরীতে, LBS মার্গ, কুরলা (পশ্চিম),মুম্বাই – 400 070, এবং দিল্লি – শাহদারায় তাদের একটি ব্রাঞ্চ অফিস রয়েছে। | | |
| 4. | ঋণগ্রহীতার বিবরণ | a) | নাম | |
| | | b) | ঠিকানা | |
| | | c) | ইমেল অ্যাড্রেস | |
| | | D) | মোবাইল নম্বর | |

| | | | |
|---|---|---|---|
| 5. | ঋণের পরিমাণ | ঋণের পরিমাণ: Rs. (শুধুমাত্র রুপি) | |
| 6. | ঋণের মেয়াদ | | |
| 7. | সুদের হার (ROI) | বার্ষিক % (ফিক্সড) | |
| 8. | পুনঃপরিশোধ সূচি | পুনঃপরিশোধের মেয়াদ (মাসে):<br>সমান মাসিক কিস্তি (EMI): Rs.<br>EMI পরিশোধের ফ্রিকোয়েন্সি: মাসিক<br>EMI পরিশোধের নির্ধারিত তারিখ প্রতি মাসের নির্দিষ্ট দিনে হবে, যদি না লেন্ডার আলাদাভাবে আপনাকে জানায়। | |
| 9. | **ঋণের উদ্দেশ্য ও ব্যবহার** | | |
| | ঋণের উদ্দেশ্য ও ব্যবহার | উদ্দেশ্য :- | |
| | | ব্যবহার :- | |
| | ঋণগ্রহীতা এখানে ঘোষণা, উপস্থাপন, নিশ্চয়তা প্রদান, নিশ্চিত ও প্রতিশ্রুতিবদ্ধ হন যে:<br><br>(a) ঋণ শুধুমাত্র এখানে উল্লেখিত উদ্দেশ্যে ব্যবহার করা হবে এবং ঋণের ব্যবহার পরিবর্তন কোনওভাবেই ঋণের মেয়াদে করা যাবে না, অথবা এমন পরিবর্তন শুধুমাত্র লেন্ডারের লিখিত অনুমতি নেওয়ার পরে করা যাবে। ঋণ কোনো অবৈধ, সমাজবিরোধী, টাকা ধার দেওয়া, জুয়া বা গৃহসম্পত্তি/রিয়েল এস্টেটে জুয়া ধরনের বিনিয়োগ, পুনরায় ঋণ দেওয়া, বা সিকিউরিটি, ডেবেঞ্চার বা শেয়ার বাজারে বিনিয়োগের জন্য ব্যবহার করা যাবে না।<br><br>(b) উপরোক্ত প্রতিশ্রুতির কোনো লঙ্ঘন ঋণ চুক্তির শর্তাবলির লঙ্ঘনের সমতুল্য হবে এবং লেন্ডার আপনার বিরুদ্ধে যে কোনও পদক্ষেপ গ্রহণ করতে পারবেন, যার মধ্যে বকেয়া ঋণ স্থগিত রাখা বা ঋণ ফেরত দাবি করা অন্তর্ভুক্ত, যা লেন্ডার যথাযথ মনে করবেন। | | |
| 10. | স্যাংশন লেটার | তারিখ: | |
| 11. | বীমা প্রিমিয়াম পরিমাণ | Rs. /- (ঋণ থেকে কর্তন করা হবে এবং বীমা কোম্পানিকে প্রদান করা হবে) | |
| A. | ফি ও অন্যান্য চার্জের সূচি:<br>যে ফি ও চার্জগুলো আবেদন করার সময় বা ঋণের মেয়াদের সময় প্রযোজ্য, তা লেন্ডারের অভ্যন্তরীণ নীতিমালা অনুযায়ী সময়ে সময়ে পরিবর্তিত হতে পারে, এবং এমন কোনো পরিবর্তন লেন্ডার ওয়েবসাইট<br>www.piramalfinance.com<br>, শাখা বা লেন্ডার যেটা প্রযোজ্য মনে করবে সেই মাধ্যমে জানাতে পারবেন।<br>প্রসেসিং ফি, ডকুমেন্টেশন চার্জ এবং স্ট্যাম্প ডিউটি চার্জ ঋণ ডিসবার্সালের সময় ঋণের পরিমাণ থেকে কর্তন করা হবে। | | |
| (i) | লোন প্রসেসিং ফি | ঋণের পরিমাণের সর্বোচ্চ 5% + প্রযোজ্য কর, অর্থাৎ Rs. /- (ঋণের পরিমাণ থেকে কর্তন করা হবে) | |

| | | |
|---|---|---|
| (ii) | পেনাল চার্জ | ● **ইনস্টলমেন্ট / EMI ডিফল্ট হলে, ডিফল্টের তারিখ থেকে প্রকৃত পরিশোধের তারিখ পর্যন্ত বার্ষিক 24% হারে (অর্থাৎ মাসে 2%) সুদ ধার্য হবে।**<br><br>● **ঋণগ্রহীতা নিচে উল্লেখিত শর্তাবলি মানতে ব্যর্থ হলে, সেই নন-কমপ্লায়েন্সের তারিখ থেকে শুরু করে লেন্ডারের সন্তুষ্টি অনুযায়ী তা ঠিক হওয়া পর্যন্ত, বকেয়া টাকার উপর মাসে 2% হারে সুদ ধার্য হবে।**<br>নিচে উল্লেখিত যেকোনো একটি বা একাধিক ঘটনা/কর্মকাণ্ড ঘটলে, তা ঋণ চুক্তির শর্তাবলির গুরুতর লঙ্ঘন হিসেবে গণ্য হবে এবং এর জন্য পেনাল চার্জ প্রযোজ্য হবে।<br><br>• চুক্তিতে উল্লেখিত নির্ধারিত তারিখের মধ্যে সম্পূর্ণ বকেয়া টাকা, ইএমআই বা চুক্তির আওতায় অন্য যেকোনো পাওনা পরিশোধে ডিফল্ট বা ব্যর্থতা।<br>• লেন্ডার সময়ে সময়ে যেসব তথ্য/ডকুমেন্ট/PDC/NACH চায়, সেগুলো প্রদান করতে ব্যর্থ হলে।<br>• ঋণ আবেদনপত্রে দেওয়া কোনো তথ্য, লেন্ডারকে দেওয়া আর্থিক বিবরণ, অথবা আর্থিক সহায়তার জন্য জমা দেওয়া অন্য কোনো ডকুমেন্ট/সার্টিফিকেট/রসিদ/স্টেটমেন্ট ভুল, বিভ্রান্তিকর বা অসঠিক প্রমাণিত হলে।<br>• ঋণ যেই উদ্দেশ্যে অনুমোদিত হয়েছে, সেই উদ্দেশ্য ছাড়া ঋণের টাকা বা তার কোনো অংশ অন্য কাজে ব্যবহার করলে, অথবা ঋণের উদ্দেশ্য যদি পরবর্তীতে আইনবিরুদ্ধ হয়ে যায়।<br>• চুক্তির আওতায় দেওয়া যেকোনো পেমেন্ট নির্দেশ বাতিল/ডিশঅনর হলে, অথবা ঋণগ্রহীতার পক্ষ থেকে পেমেন্ট বন্ধ করার নির্দেশ দেওয়া হলে, অথবা কোনো NACH ম্যান্ডেট উপস্থাপন না করার নির্দেশ বা NACH ম্যান্ডেট বাতিল করা হলে।<br>• ট্রানজ্যাকশন ডকুমেন্টে উল্লিখিত শর্ত অনুযায়ী লেন্ডার যে পরিমাণ টাকা দাবি করেছেন, তার তুলনায় কম টাকা পরিশোধ করলে। |
| (iii) | প্রি-পেমেন্ট চার্জ | Rs. 0 |
| (iv) | প্রি-ক্লোজার চার্জ | Rs. 0 |
| (v) | অ্যাডমিন চার্জ | সর্বোচ্চ Rs. 5000 + প্রযোজ্য কর |
| (vi) | EMI-এর তারিখ পরিবর্তন | Rs. 1000/- + প্রযোজ্য কর |
| (vii) | ঋণ প্রি-ক্লোজার স্টেটমেন্ট | Rs. 0 |
| (viii) | ঋণ পুনঃপরিশোধ সূচি (শুধুমাত্র স্টেটমেন্টের শারীরিক কপির জন্য প্রযোজ্য) | Rs. 500/- + প্রযোজ্য কর |
| (ix) | পুনঃপরিশোধ অ্যাকাউন্ট পরিবর্তন | Rs. 1000/- + প্রযোজ্য কর |
| (x) | ডুপ্লিকেট নো ডিউস সার্টিফিকেট / NOC ইস্যু চার্জ | Rs. 500/- + প্রযোজ্য কর |
| (xi) | স্ট্যাম্প ডিউটি সার্ভিস চার্জ | সর্বোচ্চ Rs. 100/- |
| (xii) | স্টেটমেন্ট অফ অ্যাকাউন্ট চার্জ (শুধুমাত্র ফিজিক্যাল কপির জন্য প্রযোজ্য) | Rs. 500/- + প্রযোজ্য কর |
| (xiii) | ডকুমেন্টের ফটোকপি | NA |
| (xiv) | স্ট্যাম্প ডিউটি / ফ্র্যাঙ্কিং চার্জ | বাস্তব খরচ অনুযায়ী + প্রযোজ্য কর |
| (xv) | ঋণ বাতিলকরণ (ডিসবার্সাল/চেক হ্যান্ডওভার-এর পরে) | Rs. 3000 + প্রযোজ্য ও জমা হওয়া সুদ + প্রযোজ্য কর |
| (xvi) | আইনগত/স্ট্যাটুটরি চার্জ | বাস্তব খরচ অনুযায়ী + প্রযোজ্য কর |

| | | |
|---|---|---|
| (xvii) | ডকুমেন্টেশন চার্জ | সর্বোচ্চ Rs. 1,000 + প্রযোজ্য ও জমা হওয়া সুদ |
| B. | কালেকশন ও লিগ্যাল চার্জ | |
| (i) | ঋণ পরিশোধ যন্ত্রের বাতিল বা অসন্তোষজনক চেক চার্জ | প্রতি বার: Rs. 750/- |
| (ii) | লিগ্যাল চার্জ | বাস্তব খরচ অনুযায়ী + প্রযোজ্য কর |
| (iii) | EMI / PEMII কালেকশন চার্জ (শুধুমাত্র NPDC কেসের জন্য) | প্রতি মাস: Rs. 500/- + প্রযোজ্য কর (ডিসবার্সালের তারিখ থেকে প্রথম ৩ মাস বাদে) |
| (iv) | পুনরুদ্ধারকৃত সম্পত্তির রক্ষণাবেক্ষণ চার্জ | বাস্তব খরচ অনুযায়ী + প্রযোজ্য কর |
| 12. | কাস্টমার সার্ভিসেস: | 1. কাস্টমার সার্ভিস সংক্রান্ত প্রশ্ন এবং প্রয়োজনীয় ডকুমেন্টের ব্যাপারে লেন্ডারের সঙ্গে যোগাযোগ করতে পারেন আমাদের টোল-ফ্রি নম্বরে যা ওয়েবসাইটে দেওয়া আছে: www.piramalfinance.com অথবা ইমেল করতে পারেন: customercare@piramal.com।<br><br>2. লেন্ডারের সব শাখার ব্রাঞ্চ লোকেশন এবং ভিজিটিং আওয়ারস সম্পর্কিত বিস্তারিত তথ্য পাওয়া যাবে www.piramalfinance.com-এ।<br><br>3. বার্ষিক বকেয়া ব্যালান্স স্টেটমেন্ট প্রকাশের তারিখ – 30শে জুন বা তার আগে। |
| 13. | অভিযোগ নিবারণ | কখনও কখনও এমন পরিস্থিতি হতে পারে যেখানে ঋণগ্রহীতা লেন্ডারের প্রদত্ত পরিষেবায় সন্তুষ্ট না হন। এমন পরিস্থিতি হাইলাইট করতে এবং অভিযোগ করার জন্য ঋণগ্রহীতা নিম্নলিখিত প্রক্রিয়া অনুসরণ করতে পারেন:<br><br>• ঋণগ্রহীতা তার/তার অভিযোগ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে (www.piramalfinance.com-এ দেওয়া) বা ইমেল (customercare@piramal.com) করতে পারেন, অথবা সংশ্লিষ্ট শাখার ব্রাঞ্চ অপারেশন ম্যানেজার-এর সঙ্গে ওয়েবসাইটে দেওয়া কাজের সময়ের মধ্যে যোগাযোগ করতে পারেন।<br>• যদি ঋণগ্রহীতা দেওয়া সমাধান নিয়ে সন্তুষ্ট না হন বা তার/তার প্রশ্ন 15 দিনের মধ্যে সমাধান না হয়, তাহলে ঋণগ্রহীতা অভিযোগটি **grievances@piramal.com**-এ দায়ের করতে পারেন।<br>• যদি সমস্যা 15 দিনের পরও সমাধান না হয়, তাহলে ঋণগ্রহীতা বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানাতে পারেন "নোডাল অফিসার - হেতল পারিহার, পীরামল ফাইন্যান্স লিমিটেড, ইউনিট নং-601, 6র্থ তলা, অ্যামিটি বিল্ডিং, পীরামল কর্পোরেট পার্ক, কামানি জাংশন, ফায়ার স্টেশন-এর বিপরীতে, LBS মার্জ, কুরলা (ওয়েস্ট), মুম্বাই - 400 070।<br>যোগাযোগ: 022-71740555<br>ইমেল: nodal.officer@piramal.com· যদি ঋণগ্রহীতা এখনও উত্তর নিয়ে সন্তুষ্ট না হন, তাহলে ন্যাশনাল হাউজিং ব্যাংকের অভিযোগ নিবারণ কেন্দ্র -এ অভিযোগ করতে পারেন অনলাইনে: https://grids.nhbonline.org.in, অথবা লিখতে পারেন: ন্যাশনাল হাউজিং ব্যাংক, অভিযোগ নিবারণ কেন্দ্র, রেগুলেশন ও সুপারভিশন বিভাগ, ন্যাশনাল হাউজিং ব্যাংক, 4র্থ তলা, কোর 5A, ইন্ডিয়া হ্যাবিট্যাট সেন্টার, লোধি রোড, নতুন দিল্লি -110003। |

• বার্ষিক বকেয়া ব্যালান্স স্টেটমেন্ট প্রকাশের তারিখ: 30শে জুন বা তার আগে।

**ই-স্ট্যাম্পিং ও ই-সাইনেচার**

• ঋণগ্রহীতার সুবিধার জন্য, ঋণ সংক্রান্ত ডকুমেন্টেশন লেন্ডারের অনলাইন/ডিজিটাল সার্ভিস ও টেকনলজি প্ল্যাটফর্ম ব্যবহার করে করা হবে এবং ঋণগ্রহীতা এখানে স্বীকার করছেন যে, নতুন দিল্লিতে এ চুক্তি ই-স্ট্যাম্পের মাধ্যমে সম্পাদিত হবে যেখানে লেন্ডার ঋণ চুক্তি সম্পাদন করবেন এবং এটি চুক্তি সম্পাদনের স্থান হিসেবে গণ্য হবে এবং এই ঋণ চুক্তি আধ্যার ভিত্তিক ই-সাইনেচারের মাধ্যমে গ্রহণ ও স্বাক্ষর করবেন।

• ঋণগ্রহীতা নিশ্চিত করছেন যে, তিনি টেকনলজি প্ল্যাটফর্ম-এর মাধ্যমে এই ঋণ চুক্তি পূরণ, সম্পাদন ও স্বাক্ষর করছেন আধ্যার ভিত্তিক ই-সিগনেচার ব্যবহার করে, যেখানে

যাচাইকরণ কোড/ওয়ান টাইম পাসওয়ার্ড ("OTP") প্রবেশ করানো হচ্ছে, যা চুক্তিটি পড়া, বোঝা এবং অপ্রত্যাহারযোগ্যভাবে সম্মত হওয়ার প্রতীক। এর পর লেন্ডার ঋণের তহবিল বিতরণ সম্পন্ন করবেন।

• ঋণগ্রহীতা স্বীকার ও গ্রহণ করছেন যে, একবারের পাসওয়ার্ড, অ্যাক্সেস কোড বা অন্যান্য নিরাপদ প্রমাণীকরণ প্রাপ্তির পর লেন্ডার ধরে নেবেন যে, এটি ঋণগ্রহীতার মাধ্যমে সরবরাহ করা হয়েছে এবং একমাত্র ঋণগ্রহীতার দায়িত্ব নিশ্চিত করা যে, একবারের পাসওয়ার্ড, অ্যাক্সেস কোড বা অন্যান্য নিরাপদ প্রমাণীকরণ কোনও অননুমোদিত ব্যবহারকারীর সঙ্গে ভাগ করা বা ঝুঁকিপূর্ণ নয়।

